

'রুশীয় জাতীয় রক্ষমঞ্চের জনক'—এই আব্যা দেওয়া হইয়া থাকে আনেরবাক্র নিকোলায়েভিচ্ অরোভ্রিকে (১৮২৩—১৮৮৬)। তাঁহার সমস্ত জীবন তিনি নিবেদন করিয়াছিলেন রক্ষমঞ্চে, নাটক-রচনায় ও রক্ষমঞ্চের সাধারণ কর্মে।

जिन नांहरू-बहना कतिबाद्यन्त भक्षात्मेत्र वन्ती। जांशात्मत्र यस्या माठाँहे प्रमाना त्यस्य माठाँहे प्रमाना त्यस्य माठाँहे प्रमाना त्यस्य त्यस्य माठाँहे प्रमाना त्यस्य त्यस्य माठाँहे प्रमाना विवाद माठाँहे प्रमाना विवाद माठाँहे प्रमान कर्षा कर्मिया कर्मिया

অক্রোভৃষ্কির নাটকে বিষয়বস্তও বছবিচিতা — প্রধানত: রাশিয়ার বণিক-শ্রেণীর জীবন ('আপন লোকে একই ভাবে', 'দারিদ্র্য পাপ নয়', প্রভৃতি নাটকে), অভিজাত-শ্রেণী ও রাজকর্মচারীদের জীবন ('বন', 'লাভের জায়গা'), শিল্প-রচনার প্রশাবলী, অভিনেতাদের ভাগ্য ('বিনা দোষে দোষী', 'প্রতিভা ও পূজারী')। কাতেরিনা ('ঝড়' নাটকে) ও বেলুগিন ('বেলুগিনের বিবাহ' নাটকে) পুভৃতি চরিত্রে পরোভৃত্বি চিত্রিত করিয়াছেন মানবিক সৌন্দর্য ও শক্তি কশীয় জাতীয় চরিত্রের বিশিষ্ট লক্ষণগুলি।

অন্ত্ৰোভ্দ্বির নাটকাবলী সোভি-য়েত ইউনিয়নে ও অন্যান্য দেশে এবনও বিরাট শাফল্যের সহিত প্রদর্শিত হয়। তাঁহার অনেকগুলি নাটক সোভিয়েত চলচ্চিত্রেও ক্লপাস্তরিত হইয়াছে। पा. न. पाञ्चाত् कित नारमत

 गरिত অচ্ছেদ্যভাবে জড়িত হইয়া
আছে মকো আকাদেমীর মালি
থিয়েটারের স্টে। এই থিয়েটারেই
অত্যোত্ কির সকল নাটকের
জীবনের সূত্রপাত হয়। 'বেলুগিনের
বিবাহ'ও এই থিয়েটারে পুণম
পুদশিত হয়। ১৮৭৭ সালের ভিসেম্বর
মাসে পুণম রজনী হইতে আজ
পর্যন্ত পুণম বেলা সময়েই ইহা
মালি থিয়েটার ও অন্যান্য সোভিয়েত
থিয়েটারের পুদশনী-তালিকার
বাহিরে যায় নাই।


এই নাটকের মূলগত আইডিয়া

— অকৃত্রিম মানবিক অনুভূতির
শক্তিকে তুলিয়া ধরা।

তরুণী এলেন। বেলুগিনের
নিঃস্বার্থ ও উদার প্রেনকে প্রথম
হইতেই উপযুক্ত মূল্য দিতে পারে
নাই। বিনা আবেগে হিসাব করিয়।
সে প্রস্তুত ছিল বিশ্বাসপুবণ স্বামীর
চোখের আড়ালে আগিনিনের
সহিত মিলন-স্থবের কুৎসিত স্বপ্রের
জন্য আন্দ্রেইয়ের অনুভূতি ও
সম্বানবোধকে বলি দিতে।

কিন্ত জ্মী হইল আক্রেইয়ের অন্তরের সত্য। তাহার প্রেমর শক্তির নিকট অবনত হইল এলেনার কৃত্রিম অহকার ও বেলুগিনের পিতার নির্বোধ জেদ, বিলাসপ্রিম অপদার্থ আগিসিনের লজ্জাকর চরিত্র উদ্যাটিত হইল। ক্রশ ভাষা হইতে এই নাটকের অনুবাদ করিয়াছেন বিশিষ্ট বাঙালী লেখক, সমালোচক ও অনুবাদক অধ্যাপক নীরেক্রনাথ রায়। অস্ত্রোভৃন্ধির মূল রচনা হইতে বাঙলা ভাষায় অনুবাদ এই প্রথম।





আ.ন.অস্ত্ৰোভঙ্কি

বেলুগিনের বিবাহ পঞ্চার কমেডি



বিদেশী ভাষায় সাহিত্য প্রকাশালয় মক্ষো

ক্লণ ভাষা থেকে অনুবাদ: নীরেন্দ্রনাথ রার চিত্রান্ধন: ন. ই. গ্রিশিন

আমি মজোতে আসিবার আগে কলিকাতাতে এই অনুবাদ করি। শ্রীমতী কেতকী সরকার, ক্লপ মহিলা যিনি বিবাহসূত্রে বাঙালী, তথন আমাকে প্রভূত সহায়তা করিয়াছিলেন। আমি সানন্দচিত্তে তাঁহার নিকট আমার কৃতজ্ঞতার অপরিশোধ্য ঋণ স্বীকার করিতেছি।

' অনুবাদক

মহান ক্লশ নাট্যকার আলেক্সাক্র নিকোলায়েভিচ্ **অস্ত্রোভ্ছির**(১৮২৩ — ১৮৮৬) জন্য হয় মক্ষোতে বিচারালয়ের কর্মচারীর পরিবারে।

শ্রোভৃষ্কির লিখিবার প্রেরণা দেখা দেয় তাঁহার ছাত্রজীবন হইতেই। তাঁহার সাহিত্যিক প্রচেটা তাঁহার শিক্ষক ও বন্ধদের দৃষ্ট আকর্ষণ করে; তথন হইতেই তিনি লোকনাট্যের দিকে ঝুঁকিয়াছিলেন। তবে তথনও নিজের বৃত্তি সম্বদ্ধে দৃঢ় বিথাস জন্যে নাই। তাই, পিতার ক্রমাগত চাপে তিনি মক্ষে বিশুবিদ্যালয়ের আইন-বিভাগে ভতি হন।

কিন্ত তিনি শীঘ্রই বুঝিতে পারিলেন যে আইনজীবীর জীবনে তাঁহার কোন্দ আগ্রহ নাই, রঙ্গমঞ্চ ও সাহিত্যের দিকে তাঁহার আকর্ষণ বেশী। দুই বংসর পড়ার পর তিনি বিশ্বিদ্যানর ছাড়িয়। দিলেন। পুত্রের ব্যবহার, জীবনে উনুতির 'অনুপ্রোগী' লোকেদের সহিত তাহার বন্ধুৎ, তাহার বিবাহ, যাহাতে না আসিল স্থনাম ও না আসিল যৌতুক, এই সমস্ততে ক্রুদ্ধ হইয়া পিতা পুত্রের সহিত সম্বন্ধ বিচ্ছেদ করিলেন, তাহাকে অর্থ-সাহায্য বন্ধ করিলেন।

অস্ত্রোভৃষ্কি আদানতে চাকরী নইলেন।

এ চাকরীতে তাঁহার মন ছিল না, বর: এ কাজ তাঁহার পক্ষে গুরুতর ভার হইয়া পড়িল। কিন্ত এবানেই তিনি পাইলেন ভবিষ্যৎ শিলী ফীবনের চমৎকার শিক্ষা।

অরবয়স হইতেই তিনি মন্ধোর পঠিত্যাস করিয়াছিলেন, মন্ধোর মেজাজ ও চরিত্রের সহিত তাঁহার পরিচয় ছিল। তিনি থাকিতেন জামক্তরেচিয়ে'তে পুরানো ব্যবসায়ীদের পাড়ায়, নির্জন নোংরা গলি, ব্যবসায়ীদের নিজ নিজ বসত-বাড়ী ভারী খিল দিয়া বরু, চারিদিকে গির্জাহর, মদের দোকান ও ময়্যবিত্তদের ছোট ছোট আবাস। এখানে তিনি লক্ষ্য করিলেন ব্যবসায়ী ও ভববুরেদের, শুনিলেন তাহাদের কথাবার্তা। তিনি আরো দেখিলেন ধনীগৃহস্থ বাড়ীর মাতাল যুবকেরা অরবিত্ত কর্মচারী অথবা দরিদ্র পথচারীদের লইয়া কি নির্ভুর আমোদ উপভোগ করে।

আদানতে কাজ করিয়াই জানিতে পারিবেন সম্পত্তিগত সধদ্ধের রহস্য, অর্থাগনের নানা সূক্ষ্ম উপায়, আইন 'এড়াইবার' নানা পদ্ধ।, কুটবুদ্ধি ষড়যন্ত্র, যাহাতে মোকদ্ধমাকে বছর দশেক ধরিয়া দীর্ঘ করা যায়।

অন্ত্ৰেভ্ৰির পুথম রচনা পুকাশিত হইয়াছিল ১৮৪৭ সালে, 'দেউলিয়া অধমর্ণ' নামক কমেডি হইতে কয়েকটি দৃশ্য ও 'জামস্ক্ ভরেচিয়ের অধিবাসীর ডায়ারী' নামক রসরচনা। অস্ত্রোভ্ৰিঙ্ক দেখা দিলেন সজীব অকীয় নেথক হিসাবে। তাঁহার চিত্রিত চরিত্রাবলীর নূতন্ত্বে, তাঁহার অভিযোগকারী পুবণতার তীব্রতায় তিনি পাঠকবর্গকে চমকিত করিয়। দিলেন।

'দেউলিয়া অধমর্প' কমেডিকে ১৮৪৯ সালে শেষ করিয়া অপ্রোত্তি তাহাকে নূতন নাম দিলেন—'আপন লোকে একই ভাবে'। ইহাতে তাঁহার সাহিত্যিক ব্যাতি ছড়াইয়া পড়িল। ব্যবসায়ীদের বিরুদ্ধে তীক্ষ ব্যক্ষ এই কমেডি, ইহা উদ্লাটিত করিল মূর্য একগুঁরেমি ও পারিবারিক অত্যাচার এবং ভাহাতে অরান্ত ব্যক্ষে শ্রেষ করা হইল 'শহরে সভ্যতা'কে, যাহা বণিক ও ভাহাদের কর্মচারীদের সমর্থনে পুটু হইত। জারের আদেশ অনুসারে এই ক্যেডি রক্ষমঞ্চে দেখানো নিষিদ্ধ হইল; লেখককে রাখা হইল পুলিশের গোসন পাহারায় ও চাকরী করা বন্ধ হইল। এখন হইতে তিনি আখনিয়োগ করিলেন কেবল সাহিত্যে ও রক্ষমঞ্চে।

নাট্যকার অক্রোভ্রিকে কঠিন পথ অতিক্রম করিতে হইয়াছিল। তাঁহাকে প্রায়ই পড়িতে হইত অর্থাভাবে, জারীয় থিয়েটারের কর্মচারীদের নিকট হইতে সহ্য করিতে হইত অপনান, তাঁহার সমন্ত্রনানিত আইডিয়াগুলির বিরুদ্ধে শাসক চক্রগুলির চালিত অবিরাম বিরুদ্ধতা। কিন্তু তিনি তাঁহার সমন্ত শক্তি প্রয়োগ করিলেন জাতীয় গণ-রঙ্গমঞ্জ স্ক্রেনের উদ্যাবে।

আটত্রিশ বৎসর ধরিয়। সাহিত্যসেবায় অস্ত্রোভ্কি পঞ্চাশেরও অধিক নাটক রচনা করিয়াছেন, তাহাদের মধ্যে সাতথানি অন্যান্য লেখকের সহযোগিতায়।

অত্যোত্ঞ্বির সাহিত্য রচনার অন্যত্য প্রধান বিষয় — ব্যবসায়ী-শ্রেণী। তিনি নিলা করিলেন তাহাদের হিংশ্র আন্তপরতা, সঞ্চয়ের প্রবল ইচ্ছা, সর্বপ্রাণী কুরা। ইহাদের কাছে আন্তীয়তাবোধ, বন্ধুন, আন্তসন্মান, বিবেক — সবই মুদ্রার মূল্যে বিক্রীত হয়। তিত্ তিতীচ্ ('পরের বোঝা ঘড়ে নেওয়া') হইতেছে প্রচণ্ড এক সমাজ-প্রচলিত শক্তির প্রতিমূতি, যাহা

ব্যক্তির নাম হইতে সাধারণ বিশেষ্য পদে পরিণত হইয়াছে। ইহার তাৎপর্য, অদম্য স্বেচ্ছাচার, অর্থের শক্তির সম্মোহ, বর্ষবতা ও অজ্ঞতা। তিত্ তিতীচ্ কোন পাপেই পশ্চাৎপদ নয়, 'আমরা সকল পাপের দাম ধরিয়া দিই'।

ধনবাদের আবির্তাবে পুরানো আভিজাত্যের নীড় চূর্ণ হইয়া গোল। আস্ত্রোভৃস্কিই প্রথম একজন যিনি প্রকাশ করিলেন তাঁহার অধিবাসীগণের মানসিক দারিজ্যের কথা। ('বন', 'নেকড়ে বাঘ ও ভেড়ার পাল', 'নিজের স্লেজে ছাড়া বোসো না' ইত্যাদি।)

'বন' কমেডিতে অক্টোভ্ঙি দেখাইয়াছেন কেমন করিয়। জমিদার গৃহিণী গুর্মীজ্জোইয়া'র সম্পত্তি নষ্ট হইল। তাহার চিরকানের বন বিনামূল্যে বাহাদুরি কাঠ হিসাবে বিক্রয় হইয়া গোল নিরক্ষর ধনবান ব্যবসায়ীর কাছে। এই জগতে সব কিছুই 'চলে'—এই নাটকের একটি পুধান চরিত্রের ভাষায়—'নেমন চলে বনে জন্মলে'। এ জগতে ব্যবসায়ীর। জমিদার গৃহিণীকে পুতারণা করে ও তাহার সম্পত্তি নষ্ট করে, 'বুড়ীরা বিয়ে করে জুলের ছেলেকে, তরুণীরা তিক্ত জীবনের চাপে আত্মীয়ন্ত্রমনের হাতে নিজেদের সর্বনাশ করে'।

অল্লেভ্ছির নাটকে দেখা যার আমনাতন্ত্রের রাশিয়া, সেই সব লোকের রাশিয়া যাহার। পুভুছ করে সরকারী দপ্তরে ও আদানতে। তাহাই মূর্ত হইয়াছে নানা চরিত্রে, ষেমন 'লাভের জায়গা' নামক নাটকে ভীশ্নেভ্ছি। তাহার কারবার বছবিস্তৃত। কারবারী জীবনের সিনিসিজ্ম'এর দিক সে ভালে। করিয়াই জানে। তাহার জীবনের মন্ত্র: 'ধরা না পজ্লেই চোর নয়' ও 'সাধু উপদেশে পেট ভরে না'। সে তাহার ভাইপোকে সহায়তা করিতে পুস্তত কেবল যদি সে তাহার 'আবোলভাবোল' আইভিয়া ছাজিয়া দিয়া জীবনকে কাজের লোকের মতো দেখিতে শেখে। অস্ত্রোভৃষ্কির নাটকগুলিতে বিস্তৃত অংশ স্কুড়ির। বাহে সেই বিষয়টি যাহ। তাঁহাশ বক্সমঞ্চের জীবনের অতি নিকটবর্তী, মর্থাৎ অতিনেতাগণের কষ্টকার জীবন, যেমন 'বিনা দোষে দোষী', 'পুতিভা ও পূজারী', 'বন'।

অস্ত্রোভ্রি কেবল পৃথিবীর সমকার দিকটাই স্বন্ধিত করেন নাই।
নীতিহীনতা ও স্বেচ্ছাচারিতার স্কুভ শক্তির বিরুদ্ধে তিনি স্মষ্ট করিয়াছেন
সরল, সাধুচিত্ত চরিত্রাবলী। যেমন, শিক্ষক ইভানোভ ('পরের বোঝা)
যাড়ে নেওয়া'), তীশ্নেভ্নির দরিক্র ভাইপে। স্বাদন্ত ('লাভের স্বারগা')।
'বেলুগিনের বিবাহ' নাটকে বেলুগিনও ইহার উদাহরণ, এখানেও স্বাত্তাভ্রি
তাঁহার স্বান্য নাটকের মতো প্রকৃত মানবিক স্বাভূতিকে সমর্থন দিয়াছেন।

নারী জীবনের তিক্ত ভাগ্য — ছকুরমতো বাঁচা ও ছকুরমতো ভালোবাসা — এবং তাহার উচ্ছ্বল আনেধ্যও অস্ত্রোভ্দ্ধির সারা সাহিত্যিক জীবনকে আন্দোলিত করিয়াছে। যেরন, 'ঝড়', 'বিন। যৌতুকের কনে', 'নিজের স্লেফ্ড ছাড়া বোসে। না' ইত্যাদি।

'ঝড়' নাটকের নায়িক। কাতেরিনার প্রতিবাদে কি আকৃত্য আরান খুনিয়া উঠিয়াছে ঝাধীনতার জনা, আরুসন্মান ও ব্যক্তিমের অধিকার বজায় রাখার জন্য। উনিশ শতকের স্থিখ্যাত রুশ সমালোচক দব্রোনিউবভের ভাষায়, কাতেরিনার স্বভাবে 'কুটিয়া উঠিয়াছে এক শজিশানী রুশ চরিত্র ··· যে পরিবেশের মধ্যে বিরোধিতায় ভাষার জীবন, তাহাতে বাঁচা অসন্তব, ভাষার পক্ষে মৃত্যুই প্রেয়'।

বিশিষ্ট নাট্যকার অক্সেভ্স্কি বিশিষ্ট অনুবাদকও ছিলেন। তিনি অনুবাদ করিয়াছেন ইংরেজি, শোনীয়, ফরাসী, জার্মান ও গ্রীক ভাষা ইইতে। সের্ভান্তেস, শেকস্পীয়র ও বিশ্বের নাট্যসাহিত্যের অন্যান্য অনেক চূড়ামণিকে কণ ভাষায় জনপুথি করার কাজে অক্সোভ্স্কির অবদান বৃহৎ। ভারতীয় কষেঙি 'দেবদাসী'ও তিনি রুণ ভাষায় অনুবাদ করিয়াছিলেন ফরাসী অনুবাদ হইতে।

অক্সেভ্কির নাট্যরচনার সহিত অচ্ছেদ্যভাবে যুক্ত হইয়া আছে তাঁহার রক্ষমক সংক্রান্ত ও অন্যান্য জনশিক্ষার কাজ। পুবদ্ধ ও আলোচনা সাহিত্যেও তিনি অগ্রণী ছিলেন, যাহাতে তিনি বিবৃত করিয়াছেন রক্ষমক্ত সহদ্ধে, শিল্পীর কর্তব্য সহদ্ধে তাঁহার বক্তব্য। রুশীয় অভিনেতাগণের মধ্যে অনেক উচ্জ্বল নক্ষত্র তাঁহার নাটকের মাধ্যমে মূল্যবান শিক্ষালাভ করেন, অজ্যেভ্কিকে তাঁহার। মান্য করেন 'মাএস্ত্রো', বলিরা এই কথাটির পূর্ণ অর্থে।

অক্টোভ্ ক্ষির সনসাময়িক লেখকের। তাঁহাকে অভিনন্দন জানাইয়া বলিয়াছিলেন: 'আপনার প্রায়ের ফলেই আজ আমর। রুশীয়ের। সগর্বে বলিতে পার্রি: — আমাদের জাতীয় রুশীয় খিরেটার আছে। ন্যায়সক্ষতভাবেই তাহাকে বলা যায় — ''অজোভ্ ক্ষি থিয়েটার''।'

প্রকাশালয়

हित्रावली

- গাভ্রিল। পাজেলেইচ্ বেলুগিন, ধনী ব্যবসাদার, কারখানার মালিক, বয়স ৫৫; সাধারণতঃ কারখানাতেই থাকেন. মকে। হইতে প্রায় ৬০ ভেস্টা দূরে, মাঝেনাঝে মকোতে ছেলের কাছে যান। নাস্তাসিয়া পেজেভ্না, ইঁহার জী, মোটা-সোটা মহিলা; পরিচছদ রুশ ধরণের, কালো সিকের পোষাক, ভালো সিকের ওড়না দিয়া মাধা ঢাকা।
- আক্রেই গাভ্রিনীচ্, ইঁহার পুত্র, বয়স ২৭; পরিচ্ছদ হারফ্যাশানের, একটু লোক দেখানে। ভাবও আছে, সাধারণতঃ মক্ষোয় থাকে, বাপের কাজকর্ম দেখে ও তার আয় গ্রহণ করে।
- দিনা আবেক্সাক্রোভ্না কার্মিনা, বরকা মহিবা, নার্ভের অসুথ আছে। এলেনা ভাসিলিয়েভ্না, ভার কন্যা, বয়স বছর কুড়ি, স্বাস্থ্য ও সৌলর্ষে পূর্ণ তরুণী, ধরণ-ধারণে মনে হয় আদর পাওয়ায় ও আদেশ করার অভ্যন্ত।
- ভাসিনি সীরোম্যাতত্, কারবানার মানিক, ধনী মুবক, বৃদ্ধ বেলুগিনেম প্রতিবেশী, আক্রেইয়ের বন্ধু; বেশভূমার পারিপাট্য নেই, সাধারণ প্যাণ্টালুন ও বুটজুতা; কথাবার্তার ও আচার-ব্যবহারে সাদাসিদে ভাব দেখানোর চেট্টা আছে।
- তান্যা, সীরোম্যাতভের ভগুী, তরুণী যুবতী, পরিচ্ছদ মূল্যবান। নিকোলাই এগোরোভিচ্ আগিশিন, বিশেষ সামাজিক সংস্থান-শূন্য লোক,

পর্যসামর্থ্যও বেশী নয়। চেহার। কেমন-যেন ক্ষরাটে, তা সবেও আকর্ষণী শক্তি আছে; পোষাকে ও বরণে—ভদ্রসমাজের উপযোগীন কার্মিনার পবিচাবক। প্রোহর, আক্রেই বেলুগিনের ভূত্য।

প্রথম অন্ধ



জাবাহন কক: পশ্চাদভাগে পুরেশের দরজা. দেয়ারের গায়ে অনেকগুলি ভারী চেয়ার, তাদের কারুকার্য মূলাবান; দেয়ালের দুই ধারে মঞ্চের পুরোভাগে পাশ-দরজা, মভিনেভাগণের বাঁ দিকে দরজার কাছে একটি পুকাণ্ড অফিস ভেন্ক ও উ'চু বসিবার আসন: ভান দিকে দেয়ালে টাঙ্গালো দুইধানি পারিবারিক চিত্র, তাদের কারুকার্য নিকৃষ্ট ও শস্তা, কিছ তাদের ক্রেম ভারী ও সোনা-মোড়া: মাঝখানে পুকাণ্ড টেবিল, দামী ভারী টেবিল-ক্রথে ঢাকা, টেবিলের ওপর একটি হাসফ্যাশানের মেয়েদের ছোট টুপি আর একটি পুরুষের হাটি, নতুন মুস্পভাবে ভাঁজ করা।

প্রথম দৃশা

[আক্রেই বেলুগিন বাঁ দিকের পাশ-দরজা দিয়া বাহিরে আসিন ও ডেস্কের কাছে দাঁড়াইল। পরে আগিশিনের প্রবেশ]

' , আন্তেই (অসম্বস্টভাবে)

কে এলে৷ আবার । দ এ:৷ দ

[মাঝখানের দরজ। দিয়া আগিশিদ পুরেশ করিব]

পা:, নিকোনাই এগোরোভিচ্ ··· এগো, এগো ··· ভাবো পাছ ত।
(খাত বাড়াইয়া) িটেরবুর্গের খেকে ফিরনে ?

আগিশিন

হাঁ, কাল ··· এখন এনে পড়নুম তোমাকে দেখতে, বদু ··· কিন্তু মনে হচ্ছে, এটা অসময় ··· তা সোজা বলে ফেলো ··· আমি পরে আসতে পারি। ···

जाटऋरे

या-रावा धालन कांत्रथाना व्यक्ति ...

আগিশিন (টুপি দেখাইয়া)

এটা কি? ··· এ ব্রকম জিনিস তোমার মা-বাবা, আমার মনে হয় ব্যবহার করেন না, তাঁদের পূর্বপুরুষেও করেন না! ···

আক্রেই

তাঁদের সাথে এসেছেন পরিচিত লোকেঁর। ··· একজন কারখানার মালিক ও তার বোন ···

আগিশিন

তাহকে তোষাকে আৰ ধৰে রাধবে। না ··· শুধু দুটো কথা ···
আমার কেবল কটা ধববের দরকার ··· তুমি কি কার্মিনার বাড়ী গিয়েছিলে,
আমি বধন ছিলুম না ? ···

আল্রেই

গিয়েছি ৰাঝেনাৰে ···

আগিশিন (ছদ্য আগ্রহের সহিত)

বেশ, বেশ ··· তাহলে আক্রিয়ুশা, বন্ধু আমার, কেমন চলছে তোমার ব্যাপার-স্যাপার? ···

ব্যক্তিই (কঠিনভাবে)

ব্যাপার-স্যাপার আবার কিং

আগিশিন

এই তোমার কোর্টশিপ, প্রেম, আরাধনা, কি বনঃ ে কে বা

তোমায় বোঝে : --- শ্রীমতীর হৃদরে কি নাড়া দিয়েছ না একেবারে জয় করেছ : ---

আন্তেই

এ ব্যাপার আমার ব্যক্তিগত! এ আবোচনা বরং ভূমি রাখো!…

আগিলিন (সহাস্যে)

রাথো না ছাড়ো। তুমি ত বলতে চেয়েছ ছাড়ো নয় কিং ও দুটোয় সামান্য একটু তকাৎ আছে।

वारऋरे

বেশ রাঝো আর ছাড়ো — ও পুইই সরান ··· কেবল আমি তোমাকে জানাচ্ছি যে এ আলোচনা চন্তে না, আমি পছল করি না! ···

আগিশিন

ত। এতদূর গড়িয়েছে।

বাক্রেই

হাঁ, এই কারণে বে যা নিয়ে আমি নিজে হাসিঠাটা করি না, তা নিয়ে আমি অন্য কাউকেও করতে দিতে পারি না!…

আগিশিন

তার মানে . এ ব্যাপার — অতি পৰিত্র' কাহারে৷ পক্ষে স্পর্ণ নিষিদ্ধ ?

খাক্রেই

তা তুৰি যা চাও তাই বোৰো!…

আগিশিন

তাঁদের খবর কি? ভালে। আছেন?

আন্দ্রেই

ভালোই · · ভগবানের দ্যায়। · · ·

আগিশিন

ওদের কাছে তুমি কবে গিয়েছ শেষবার?

বাজেই

কাল।

অাগিশিন

আবার কবে যাবে ঠিক করেছ? মনে হচ্ছে, আজই!

59

আন্তেই

কিছুই বিচিত্র নয়, হতে পারে আজই।…

আগিশিন

তার মানে, প্রত্যহই ···

আক্রেই

দিনে পাঁচবারই যদি হয়, তোমার তাতে কিং তোমার কাছে অনুমতি চাইতে হবে না কিং---

আগিশিন

আহা . চটে। কেন? আমাৰ পকে বোটেই অনাবশ্যক নয় জানা, এ ব্যাপারে তোমার কি অতিপ্রায়। আমিও ত রক্তমাংসের মানুষ, এলেনার সৌদর্য আমিও অনুত্র করতে পারি। এটা কি তোষার নজরে পড়েং

থাক্রেই

কিন্ত তাতে কিং তুমি কি দর কথাক্ষি করছ, তোমার কি ইচ্ছা, কিছু পেলে সরে দাঁড়াতেং

আগিশিন

না, কিসের জন্যে! তুমি দেবেই বা কেন? আনাদেব দুজনের ভাগ্য সমান নয়। তোমার সঙ্গে পাল্লা দেবার আমি কে, যদি তুমি ···

আন্দেই

বলো, যদি আমি -- তাহলে কি হয়ং

বাগিশিন

কিংসের তরে আমি তোমার ব্যাপারে ছাত দেব যদি তাতে আমার কোম বকম লাভ ন। থাকে॰ আমার পক্ষে বুদ্ধি ও সন্মানের কাল ছবে সরে দাঁড়ামো; এসে। কাল করা যাক এক্যোগে।

আন্দেই

এ কি ষড়য়ত্র না চক্রান্ত! এ ব্যাপার ত পরিকার।

আগিশিন

য। তোমার ধুশী, তবে শোন: যদি তুনি আজ বাও আমার থাগে তাহলে বোলে। না যে আমার সঙ্গে তোমার দেখা হরেছে।

আক্রেই (বিরক্তি সহকারে)

কি দরকার আমার তোমার বিষয়ে কথা কইবার?…

আগিশিন

যদি তাঁর। খোঁজ করেন, তাহলে বোলে। দয়া কোরে যে দেখা হয় নি: স্থানার ইচ্ছে হঠাৎ হাজির হয়ে অবাক করা।…

আদ্রেই

আচ্ছা তাই হবে, এতে আর বলার কি আছে! (একটু হেসে) অবাক করা। এ আবার কি রক্ষ অবাক করা। আনাদের ধারণায়, পিটের থেকে উপহার আনতে হাজার তিনেকের — হঁয়া, তাকে বলে অবাক করা।

আগিশিন

ইন্, কি চাল'ই তোমার হরেছে! এখন যাও, তোমার সঙ্গে পানা। না, দেখা যাছে, তোমার নতে। লোকের সঙ্গে লড়াই করা — বুধা। ··· (হাত বাড়াইয়া) আছ্ছা, আর তোমাকে ধরে রাখতে চাই না ··· তোমার নির্দেশ আমি সব পুরণ করেছি, সে কথা পরে হবে ··· এখন আসি, আবার দেখা হবে আজ সন্ধ্যার। যাও তোমার অতিথিদের কাছে, তাদের আপ্যায়ন করো ··· (নিক্রায়)

দ্বিতীয় দৃশ্দ

[আন্তেই একাকী]

আন্তেই

তেবেছিলাম, তোমার সঙ্গে চিরকাল পরম্পারকে আনন্দ দিয়ে কাটাবো!
এ ওধানে সে বসে আছে: কি ক্লুতিময়ী, কিসে বেন হাসছে, মুবধানি
চার কি সারল্যেভরা
সে কিছু করনা করতে পারছে না! নীচ আমি,
নীচ!
কিন্তু আমি কি করতে পারি যদি জন্য নারী আমার হৃদয়কে অধিকার
করে ও তাকে ছিনিয়ে নের?
ক্রে পোরা পালাবে নিজের ভাগ্য থেকে!

সার আমি নীচু থেকে নীচুতে যাচ্ছি, যে কোন চোর-ভাকাত, যে কোন
স্ক্রাধু লোকের চেরে ভালো নই!
স

[ক্টেবিলের কাছে বসিয়া হাতের উপর মাণা রাখিল; সীরোম্যাততের প্রবেশ]

তৃতীয় দৃশা

[পাদ্রেই ও সীরোণ্যাতভূ]

*শীরোম্যা*তভ্

সামাদের ফেলে চলে এলে কেন। ধূমপান করতে চাও অতিথিদের মর ধোঁয়ায় না ভরিষে। ···

আদ্রেই

না।

শীরোম্যাতত্

তবে তোষার হোল কি --- শরীর ভালে৷ আছে ত? --

থাক্রেই

কিছুই হয় নি, ভালে। আছি! ··· (বেন নিজের মনে) ত্রুও আমরা অন্যকে ডিরস্কার করি, বিচার করি, হয়ত আমর। তাদের চেয়েও মন্দ যাদের ···

শীরোখ্যাতভ্

তুমি ত দেখছি পুলাপ বকতে সুৰু করেছ ··· তা তোমার মাথা ধারাপ হোল না কি শেষ পর্যন্ত? ··· তাহলে বরং ভাজার ডাকতে পাঠাও।

আক্রেই

আমাকে সারানে। কোন ডাজারের সাধ্য নর (দাঁড়াইয়া) আমি নিজের কথা নিজে ভাঙি, ঝর্গাৎ আমি ছোট লোক।

গীরোশ্যাতভ্

আরে তুমি কি হেঁয়ালি পাকাচ্ছণ

আক্রেই

তবে শোন, ভাস্যা ভাই, এই হেঁশ্বানির সমাধান: তোমার বোনকে আমি ভাবোবাসতাম, আমাদের সমন্ধ পাক। করেছি—নয় কি? ··

শীরোম্যাতভ্

বেশ, কে তাতে না বলছে! ... ∽

আক্রেই

কিন্ত এখন আর পারিনা! --- ক্ষমা করে। তুমি আমাকে --- ক্ষমা করে।! 🕝

শীরোশ্যাতত্

আর ঠাটা করতে হবে না--- এ তার সময় নয়!

আন্তেই (উত্তপ্তভাবে)

আমি মোটেই ঠাটা করি নি ··· কিনে তোমার মনে হোল, ঠাটা করেছি? ··· ঠাটার অবশ্ব। আমার নম। ···

শীরোম্যাতত্

যা হোক বড় গোছেল বিদ্দয় বটে।

यारण्ड

তুমি যদি মেরেও ফেলো তবুও আমি লুকাতে পারবে। না। তুমি ভাবছ, সহজ হবে ··· আমার পকে সহজ হবে তোমার বোনের চোখোচোখি চাওয়া ? ···

শীরোয্যাতভূ

হঁ ··· কি ঘটলো, ভাষা আমার! ··· বন্ধুভাবে, আর কিছু নয়. কেবল বন্ধুভাবে উপকার করেছিলে! ··· ভূমি কি জানে। না আমাদের দেশে, রাশিযায়, একে কি বলে? ··· তোমার এই আচরণ আমার বোনেব প্রতি, আমাদের পরিবারের প্রতি, এ অত্যন্ত অসম্মানজনক, অপমানকর! ··· এ সবে কথা কি তুমি তেৰেছিলে?

আন্তেই

তুমি না বললেও এ সৰ আমি আগেই জানি। কিন্তু আমি কি করতে পারি, যদি আমি অন্যের প্রেমে পড়ি! ... হঠাৎ তোরাকে আমার মনের ভাব জানাতে আমি পারি না... ঠিকরতো কথা খুঁজে পাই না... কিন্তু এখন তুমি আমাকে ধরো, ছিঁড়ে কেলে। আমার বুক, নিজেই দেখো সেখানে কি মটেছে! ... এর থেকে পানাবার কোন পথ নেই... নিজেকে লুকাতেও পারি না... নিয়তি, কেবল একটি কথা — নিয়তি! ...

গীরোন্যাতভূ

তার মানে, আরো ভালে৷ আর ধনী পাত্রী পেরেছ?

আন্তেই

আরে না, ভাস্যা, মোটেই তা নয়! \cdots

শীরোম্যাতভ

তা যদি না হয়, তাহবে তোমার পক্ষে কি সদ্যুক্তি আছে ? · · · কি ভাবছ, ভায়া আমার · · · আমার বোন হচ্ছে উচ্চ বংশের মেয়ে, আর এখানকার একেবারে একনম্বর পাত্রী, টাকার দিক খেকে আর সব রকম দিক খেকে · · কোন যুক্তিতে একে তুমি লক্ষ্যা দিচ্ছ একটা যার - তার জন্যে ? · · ·

আক্রেই (আঙুন দিয়া ভয় দেখাইয়া)

न्-न्-न्- गांवधान :··· जांव कथा नश्र :··

সীবোম্যাতভ্ (উদ্বতভাবে)

কেন কথা নব t ··· ছকুৰ নাকি? ··· সে যাই হোক , এই বিষয়টির কথা জানতে আগ্রহ হচেছ! ···

जाटल रे

এতে জানার কি আছেং… রপ—পাগল-করাং এই ত স্ব জানলেং…

দীৰোশ্যাতভ্

কিন্ত বংশ কেমনং …

আক্রেই

জানি না কেবন বংশ শোনো, তোমাকে সোজা বনি: বংশ হিসাবে তালো শ আর অনুচা মেয়ে একসঙ্গে থাকে, স্বীকার করছি, ধনী নয় শ তাদের সঙ্গে পরিচিত করালে আগিশিন শ কিন্তু তার শিক্ষাদীক্ষা শ বিদ্যাবৃদ্ধি। শ

শীরোম্যাতভূ

প্রেমের গান, এই তা…

<u> यादम</u>रे

মানুষকে একেবারে মেরে ফেলতে পারে ··· তার একটি চাহনি, একটু হাসির জন্যে, যা বলে। তাই করতে পারি! ··· সাঃ, ভাস্যা, এ রূপ এমন, এমন এ রূপ! ···

সীরোন্যাতভ্

কোন মান দিয়েই আমাদের চমকাতে পারে। না ··· আমরা নাটিনও জানি, ভেনুভেটও জানি।

আক্রেই

তা নয়, বলছি, তা নয়! …

শীরোন্যাতভ্

बूद्धे हि, प्यादता हुड़ा संदयता ...

याटम रे

কি যে তোষাকে বলি। ... তুমি এমম কখনে। জানে। নি, কখনে। দেখো নি। ...

শীৰোণ্যাতত্

তাহলে, জানাও, আমরা দেখি আমরা কাদায় মুখ ওঁজড়ে পড়বো না আদবকায়দা আমরা বুঝি কেনেটে আওয়াজ কবতে পারি; কেন তুমি ত জানো, সেই বেদিনী-মেয়েটার গান শুনে আমরা শ'তিনেক কব্লু ছুঁড়ে দিয়েছিলাম! …

আক্রেই (স্কোধে)

থামো, থামো, আনি তোমাকে মিনতি করছি! ··· তোমার সমস্ত কথা বোকানি ··· আর কিছুই নর! ···

দীরোণ্যাতভ্

যেমন কাজ তেমনি ত কথা ··· বোকার কাজ, তাই কথাও বোকামি, কেননা আমি এতে ওকতর কিছুই দেখতে পাচ্ছি না!···

আন্দেই

না, এ এত গুৰুত্ব যে এৰ জন্যে কাঁসি বেতে পারি । আগে আগে তাদের কাছে যন ঘন যেতাম না, ভাবতাম, যেন যাই থানিকটা সময় কাটাতে, কিন্তু এখন প্রত্যেক দিন আমার টানে, হয়ত শুধু চোখে দেখার জন্যে। … আর সে … সে ত কথন-কথন আমাকে নিয়ে ঠাটা করে: কখন থাকে চিন্তামগু, তখন এমন সে তাকার, এমন তাকার। … আর আমাকে সে এমন ভরে বেখেছে … ভালো, তোমাকে সোজা বলেই ফেলি: তাকে ছাড়া জীবন মিথা। … যদি প্রাণ যায় তব্ও। … হয় সে, হয় …

গীরোম্যাতভ্

ব্যাপার যদি এতটাই চরমে গিয়ে থাকে, ভাহলে কেবল হাই তুলে সময নষ্ট করছ কেন, বোকারাম? ... ভাদের নিমন্ত্রণ করে। গাড়ী চড়ে বেড়াবার জন্যে, ধরে। না আজই ... সাজানে। এইকা'তে ... মা'টিকে খুশী বাগতে আর মেয়েটিকে নিয়ে আঁবার ষত ধনাবে ষতটা পারে। দূরে দূরে!

আক্রেই (তাহার ষাড় ধরিয়া)

তুমি যদি ভাগিলি গীরোম্যাতত্ ন। হতে তাহলে তোমার দম আটকে দিতাম এ কথার জন্যে।

দীরোম্যাতত্ (ঠেলিয়া দিয়া)

ষত গরম হয়ে। ना, একটু ঠাণ্ড। হও!…

আদ্রেই

এই পরিবারটি সৎ, সংগেজাত, আমার প্রেমণ্ড সৎ, আর ভগবান যদি দেন, আমার কাজণ্ড হবে সং।

গীরোস্যাতভ্

সং। আমাদের সাথে তোরার কাজও সং নাকি? হতে পাবে, আমরা আন্যের চেয়ে নীচু, যা খুশী করা যায় আমাদের সাথে, মানে, কিছু দাবী করব না, জামরা ত যেমন-তেমন ··· না, তুমি ভুল করছ, আমাদেরও আছে নিজস্ব মান-সন্মান, তা চের বড় জন্য অনেকের চেরে, আমরা নিজের মর্যাদ। রাথতে জানি। ···

আদ্ৰেই

শোধ নাগু, করো তোমার যা ইচ্ছে, আমি পালাচ্ছি না, লুকোচ্ছি
না, আমি ত নিজেকে ছেড়েই দিচ্ছি -- কিন্তু বাতে তার অপমান হয়
বা আমার অন্তরের অনুভূতিকে আঘাত করে, তাতে আমি কাউকে ছাড়ি
না -- নিজের বাপ-মাকেও নয়!

শীরোম্যাতত

আল্রেই

লা, লা, ভাস্যা, মোটেই তা নর, আমিই দারী।…

নীরোম্যাতভ্

বুদ্ধির মাধা খেয়েছ, তাই দেখতে পাচ্ছ না; আনার মাথা ঠিক আছো… নিয়ে এসো না ঐ দেবীমূতিকে, তবু বনব, এটা ফাঁদা… সবাই ্বলবে এ কথা, যাকেই জিঞাসা করো না কেনা…

আক্ৰেই

ভাস্যা, তোষার কাছে আমার শেষ অনুরোধ ···

শীবোষ্যাতভ

কি আবার?

আন্দ্রেই

তোমার বোনকে ডেকে দাও আমার কাছে এক মিনিটের জন্যে।

শীরোস্যাতত্

কি হবে ভাতে? যে ত এখন ভোনার কাছে অপবিচিতা।

আক্ৰেই

তাকে বলতে হবে ---

<u> নীরোম্যাতভ</u>

বলবো, ভোমাকে ছাড়াই৷ …

यारऋरे

আমার পক্ষে এটা বেশী সং হবে ...

<u>দীরোম্যাতভ্</u>

पाष्मगणान (वाध थाकरत এ চলে ना , ত। তোমাকে বলে দিচ্ছি।...

আন্তেই

কেন বুঝছো মা তাকে দেখতে চাওয়া আমার কাছে আনন্দ নয়,
যম্বণা! তার কাছে আমি দোষী, তার সামনে দোষ স্বীকার করতে
চাই, ক্ষমা পেতে—তা যেমন করেই হোক! তিরস্কারও করে,
মুবোমুখী, হালকা হয়ে যায়! তির হয়ত সে পাবে করুণা করতে
তার অন্তর এত কোমন! ত

শীরোয্যাতত্

এক মিনিট হতে পারে। তার পার বিদায় ভাই আন্রেই, বিদায়। আমাদের বেশী কট পেতে হবে না; অনেক পাত্র আমাদের হাতে আছে ··· এমন কনে পড়ে থাকে না। ··· (নিক্রমণ)

চতুর্থ দৃশা

[আক্ৰেই একাকী]

আজেই

[তান্যার প্রবেশ]

পক্ষম দৃশা

[বাক্তেই ও তান্যা]

তান্যা (মৃদুখরে ও সবিখালে)

कि. कि इशिया

খালেই

একটু বলো 🗠

[ভান্যা টেবিলের ধারে বসিন]

কথা দিয়ে যদি কেউ ত। রাখতে ন। পারে, তার কারণ সবসময়েই নীচত। নয়, শক্তির অভাবও হতে পারে!…

তান্য।

এ কোন বিষয়ে 🖰 \cdots

বাক্তেই

মানুষ যদি নিজের বশীভূত না থাকে, সার...

তান্য।

जाताशास्त्रा ना. नव कि?···

আক্রেই

ঠিক, কিন্তু তোমার কাছে আমার কোন সদ্যুক্তি নেই…

তান্য।

অনুযান করেছি অনেক আগে --- অপেক্ষা করেছি অনেক দিন।

আদ্রেই

আমি সম্পূর্ণ দোঘী তোমার কাছে! 💀

তাৰ্যা

বুঝি, কিন্ত আৰি কি করতে পারিং জোর করে ভালোবাসানে। যায় না।

আক্রেই

তোমার কাছে এখন আমার এই মিনতি ··· (মরের মতো আংটি ঠেলিয়া দিল তান্যার দিকে, তান্যা তাহা ফিরাইরা ঠেলিয়া দিল।)
স্বামাকে ভূলে যাও।

তান্য (সম্বনচোৰে)

তোমাকে ভুনি আর না ভুনি, ভাতে ভোষার কিং তুমি তথু এই চাও ভোমার বাধা না থাকে— ভুমি হয়ত ভয় পাচ্ছা কোন ভয় নেই।—

আক্রেই

কিসে ভর পাবে৷ দে আমি জানি তোমাকে, তোমার অন্তরকে দ

ು

তান্যা

আমার চেয়ে ভালো কাউকে পেলে, ধরে রাবি কি করে? আর আমর। ত চিরক্কাল ভাগ্যহীন!…

আন্দ্রেই

শোন, তুমি যদি রাগ করে। ব। বকে। তাহলে বকে। কেবল আমাকেই, কিন্তু, তাল্যা, তাকে শাপ দিয়ে। লা!…

তান্য।

কি লাভ তোমায় ককে? ভগবান তোমার সহায় হোন \cdots

আন্তেই (সজনচোধে)

তাহেলে ক্ষা করলে, করলে ক্ষাং…

ভাৰাঃ

ভোমাকে আমার বলার কি আছে? আমারই বেদনা, আমারই ভিক্ততা! --- তুমি আর কেঁদো না, এ আমার ভাগ্যা কি বে ভোমায় বলি? ভগবান ভোমার সহায় হোলা --- আর কি? ---

আন্দ্রেই

ধন্য তুমি, ধন্য! ··· দেবীর মতে। তোমার মন, হাঁ তাই! ··· আর আমি ·· আছ্যা, বিদায়! ··· (ডাইনের দরজা দিয়া জত নিজ্ঞাপ।)

ষর্গ দৃশা

[**ডা**ন্যা : পৰে শীৰো**ন্যা**তভ্]

তান্য। (আক্রেইয়ের পিছনে মাথা নাড়িতে নাড়িতে)

'দেবীর মতে। নন!' জিভে তোমার মধু, তবে তার বরফ!... বনছে, তাকে দোঘ দিয়ো না — কাকে দেবে। তাকে ছাড়াং সেই মেয়েটাই ত আমার স্থুধ চুরি করেছে।

[দীরোম্যাতভের পুরেশ]

কে সে এমন, বলো তুনি আনাকে?

সীরোম্যা তত্

কেমন আবারং ভারী গরজ তা জানারং নিজের মর্যাদা বজায় রেখো, মর্যাদাং তোমার দরকার তার মুগের ওপর হাস্য — কাঁদা নয়ং …

ভাষ্য।

মত সোজা নয় এই হাস। তাকে ভালোবাসভাষ ঝামি। ।

গীৰোম্যাভভ

ভালোৰাসতে ত ধৰে গিৰে কাঁদো, লোকের গামনে নিজেকে ছোট করা আমাদের মানায় না! ভোষার দেখানো চাই, লোকে আমাদেব পিছু ঘোরে আমরা কাৰে৷ পিছু ধুরি না! — গুছিরে নাও— যাওয়া যাক' —

তান্যা

হাঁ, যাওয়াই যাক, আর থেকে কি হবে १ ··· (টুপি পরিন।)

শীরোম্যাতত্

বড়ই উঁচুতে চলেছ, আক্রেই ভারা, বড়ই উঁচুতে। ভুল কোরে।
না, দেখো, বেন যাথা না যোৱে। তজন বুঝো গাছ কেটো, জোরে
বেন কুলোর। ত

[নান্তাসিয়া পেত্রোভ্না ও গাভ্রিনা পাল্ডেলেইচের প্রবেশ]

সপ্তম দৃশা

[দীরোম্যাতভূ, তান্যা, নান্তাদিরা পেত্রোভ্না ও গাভ্রিল৷ পারেনেইচ্]

নাস্তাবিয়া পেত্রোভ্না

এ কি?! তোমর৷ চলে কোথার?

गীরোশ্যাওত্

চিরক্কাল যা ঘটে, অতিথির৷ এই বাছে, আর নেই!

গাভ্রিনা পান্তেনেইচ্

সত্যি, চল্লে কোধার? তাড়িরে দিচ্ছি না ত---

সীৰোস্যাতত্

না, এখনও দেব নি ... কিন্ত ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করতে চাই না ৷ ...
(অতিবাদন করিয়া) গাভ্রিলা পাত্তেলেইচ্, নাস্তাসিয়া পেত্রোভ্না,
আপনাদের আদর্যত্ত্বের জন্য আসর। আন্তরিক কৃতক্ত, আপনাদের ব্যবহারে
অতিশ্য সন্তই ... কিন্তু মনে হচ্ছে এ সৰ সত্ত্বেও আমাদের আর শীঘ্র দেখা হবে না ...

গাভ্রিল। পাতেলেইচ্ (গ্রীর দিকে চাহিয়া) নান্তাসিয়া । · · ·

নান্ডাসিয়া পেত্রোভ্না

ভেবেই পাই না কি হচ্ছে এ সব। …

গাভ্রিনা পান্তেলেইচ্

তুমি কি নাটক বানাচ্ছ?

<u> শীরোম্যাতত্</u>

আমাদের নাটক এথনি শেষ হচ্ছে, এখন হোক আপনাদের নাটক, মতুন নাটক, সেই আশায় থাকুন ··· এখন বিদায় নিই! ···

. जाना।

নমকার! (প্রানঃ)

অইম দুশা

[গাড্রিলা পাস্তেলেইচ্ ও নাস্তাসিয়া পেত্রোভ্নঃ]
গাড্রিলা পাস্তেলেইচ্ (একটু গামিয়া)

নান্তাসিয়া, বলো, এ আমাদের কি হোলো?

নাম্বাসিরা পেত্রোভুনা

জানি না, গাড়রিনা পাজেনেইচ্, ভাবতেই পারি না!…

গাভ্রিলা পাজেলেইচ্

তাহৰে, চুলোয় যাক, আমাদের বাড়ীতে কি গ্রহণ লাগলে। না কি? ··· আন্দেই কোণা?

নান্তাসিয়া পেত্রোভ্না

জানি না, গাভ্ৰিলা পাজেলেইচ্!…

গাভ্রিবা পাম্ভেলেইচ্

সিন্ধি থেলো কে, আমরা না ওরঃ? --- আমার ত কিছুই হয় নি, মাথা ঠিক আছে, দেয়ালে ধানা খাই নি, সব দেখতে পাচ্ছি ঠিকঠাক ---তুমি কামড়াতে স্থক্ত করে। নি ত?

নাস্তাসিয়। পেত্রোভ্না

আমাৰও যাথ। ঠিক আছে। আমার আবার কি হবে?

গাভূবিলা পান্তেলেইচ্

বলে ফেলো খোলাখুলি! কিছু বুনি লুকিয়েছ্ --- তোমরাই যাওনে। বি চালো! ---

নাস্তাসিয়া পেত্রোভ্না

অন্যায় কোৰো না, গাভ্যিল। পাতেলেইচ্, ঈশুর সাকী, আমি কোন কিছুতে নেই, নিজেই ভেবে পাছিছ না কোণা থেকে এ সব ঘটনো। •••

[আক্রেইরের পুরেশ]

নবম দুশা

[পূর্বের সকলে ও মাল্লেই]

বাদ্রেই

বাবঃ আর তুমি মামণি, তোমাদের কাছে আমার মন্তর উদ্যাটিত করতে হবে, তার পর তোমরঃ আমায় বিচার করে৷, ভগবান তোমাদের বেরকম নির্দেশ দেন সেই মতো!…

গাভ্রিলা পাঙ্গেলেইচ্

সানে গামো, এ হোল কি?…

নান্তাসিয়া পেঝোড়না

9:, আমার বৃক চিরে বাচেছ!

আক্রেই

শীরোম্যাতভা ভাল্যা—আমার বাগ্দন্তা; প্রেমের টালে ও ভোমাদের আশীর্বাদে আমর। বাক্যবদ্ধ হয়েছিলাম, কিন্তু সম্প্রতি আমার মনের ভাব একদম বদলেছে…

গাত্রিল৷ পান্তেলেইচ্ (জাপন মনে)

এখন কোঝা যাচ্ছে ব্যাপার কি, কার হোল অর-বিকার ! …

আন্তেই

এখন আমার মনের ভাব একদন বদলেত্ে, তাকে চেপে রাখা অসম্ভব…

নাস্তাসির। পেট্রোভ্ন।

কি হোল ভোমার হে ভগবান, কি হোল \cdots নিক্লেকে সামলাও! \cdots

গাভ্রিলা পাজেবেইচ্

ছোকরার চিকিৎসার পরকার আর আমর। দুজনে শুধু চেয়ে চেয়ে দেখছি। ··· পারের ওপর থাড়া মানুষটা, দেখতে বেমন হওর। উচিত ঠিক তেমনটি আর এই রকম প্রনাপ বকরে। ···

আন্তেই ি

তোমর। যদি ভাবো যে আমার এই কথাগুলি — পুলাপ, তাহলে এই পুলাপই আমার প্রাণ, এই নিয়েই আমার মরতে হবে! — কিন্তু আমার ধারণা যে আমি সম্পূর্ণ প্রকৃতিস্থ আছি ও আপনাদের কাছে বাপ-মায়ের আশীর্বাদ ভিক্ষা করছি। —

নাস্তাসিয়া পেত্রোভ্না

কিন্ত তান্যার কি হবেং ··· এ কি, সম্ভবং ··· এ কি করছ তুমি, কি করছং ···

থাক্রেই

তান্যার সক্ষে আমার বোঝাপড়া হয়ে গেছে— তার কাছে আমার সমস্ত হৃদয়কে অনাবৃত করেছি— তার জন্যে আমি কত যে কটু পাছিছ, ভবিষ্যতে হয়ত আরে। কত পেতে হবে—তা কেবল আমার মনই জানে— কিন্তু আমাদের মধ্যে স্বকিছু শেষ হয়ে গেছে, ভেঙে গেছে, আর জ্লোড়া লাগতে পারে নাঃ

[গাড্বিল। পাভেলেইচ্ দান্তি চুলকাইতে চুলকাইতে পুত্রের দিকে আড়ে চাহিলেন।

নান্তাসিয়া পেত্রোভুনা

আ:, কি শরষ। ... এ এলে। কোধা থেকে, কোন হাওয়ায় ভেসে? ... (উৎস্থক্যের সহিত) আদ্রিয়ুশা, কে এই মেরে? কোধার থাকে, কেমন পরিবার? ...

याखर

বংশ ভালো, নির্দোষ, অবস্থায় মধাবিত্ত, অনাধা, বাপ নেই, মার কাছে থাকে··· তারই পুতি আমার এই মনোভাব।···

নাস্তাসিয়া পেত্রোভূনা

হায়, হায়। -- किं কপাল, কি কপাল। --

গাভ্ৰিলা পান্তেলেইচ্

মাথা খারাপ! -- তোষাদের দুজনকেই দড়ি দিয়ে বাঁধতে হবে : - পরিষ্কার দেখা যাচ্ছে এখন দরকার এই ছেলেটার মাণায় জল ঢালা বালতি দুয়েক আর উনি আবার তাকে পুশু করছেন, বক্বক্ করছেন!

আন্দেই

য। আপনাদের ইচ্ছা ··· কিন্ত আমার জর নেই, আমি পাগল নই···
আমি ঠিক আছি···

গাভ্রিল। পাজেলেইচ্

পাগলামিতে যাদের ধরে, কবে তার। বুবাতে পারে যে তাদের মাথার ঠিক নেই। ··· তাদের কিছুই বলতে নেই, শ্রেফ পাকড়াতে হয় ···

जाटक दे

আমি পাগল নই ... একেবারেই না।

গাভ্বিলা পাক্তেলেইচ্

তাই যদি হয়, তাহনে তোমার সক্ষে বেশী কথার দরকার হবে না! এই সব এথপুনি কেড়ে ফেলো মাধা থেকে — দূর কবে। ে তোমার পাত্রী ঠিক আছে, অন্য কেউ হবে না। তোমার এই সব গতিবিধি, এ আমি জানতেও চাই না। তোমার লক্ষিত হওয়া উচিত, বাপ-মায়ের সামনে এ সব কথা কলতে। বাতে এই ব্যাপারের শীস্ত্রই অবসান হয় — মাসঙে সপ্তাহেই বিবাহ হবে। বাস, এই বলে রাখনান।

বাল্ডেই

याशनात या रेटाक् छ। ककन, ७५ अरे विद्य शरत नी!

গাভ্রিলা পাস্তেলেইচ্

কি রকম? বাপ-সায়ের ইচ্ছার বিরোধিতা, সমাজ্ববিধিকে পায়ে দলা! ··· ন। কি, আজ্বকাল বাপ-মায়ের ক্ষমতার কোন অর্থ নেই? ···

আন্তেই

আমি চিরক্কাল আপনাদের কথা শুনেছি, চিরক্কাল গুনব।
কিন্তু এ ব্যাপার আলাদ।—এ ব্যাপার হৃদরের। যদি আপনাদের ক্ষতঃ
থাকে হকুম দিয়ে আমার হৃদরকে কেরাতে তাহলে আমি মিনতি
করছি—হকুম করুন!… সে যদি তা শোনে, আমি খুবই খুলী হবো।

গাভ্রিলা পাল্ডেলেইচ্

তোমার ও হৃদয়-টিদয় জানি জানতে চাই নাং হৃদয়। ইস্, এটা আবার কি বানিয়েছ। না বাগ-মায়ের মুখোমুখি এমন উত্তর দিতে হয় না কিং না (জীর প্রতি) প্রকে বলে দাও, ও নিজেকে সামলাক, তোমাদের দেখলেই আমার মেজাজ বিগড্ছেছ। না হাত দোলাইয়া প্রসাম করিল।)

দশম দুশা

[আক্রেই ও নাস্তাসিরা পেত্রোভ্ন।]

নাস্তাসিয়া পেত্ৰোভ্না (টেবিলে বসিয়া)

আ:, আল্রিয়ুশা, এ আবার কি সুরু করলে?…

আন্দ্রেই (অন্যধারে বসিয়া)

মামণি, **আমার স্থ**ৰ, আমার **জীবন এর ওপর নির্ভর করছে, তাই** ভূমি অন্ততঃ এতে বাধা দিয়ো না।···

নাস্তাসিয়া পেত্রোভ্না

আর ঐ তান্যা -- কি চনৎকার নেয়ে -- কি স্থলর বৌ ও হোত তোমার।

<u> বাক্রেই</u>

তা ঠিক, কিন্ত কপালে দেই। এখন কি কয়।!

নান্তাসিয়া পেত্রোভ্না

আর এটকে তুমি নিজে জানে। ং ক্ষেমন স্বভাব তার ং সে তোমাকে ভানোবাসবে তঃ ··· (ক্রন্তগতিতে) কি নাম তার ং ···

আদ্ৰেই

এলেনা।

নাস্তাসিয়া পেত্রোভ্না

তাই নাকি? নামটি ত বেশ! কিন্ত তেবে দেখ, আঞ্চিয়ুলা, এ ব্যাপার সামান্য নয়, চিরকালের!…

বাদ্রেই

আগেই ভেবেছি, অনেক ভেবেছি! ··· আমি আঞ্চকেই যাচ্ছি তার সম্মতি চাইতে··· নান্ডাসিয়া পেত্রোভ্নঃ

আজকেই৷ হা ঈশুৰ, কি হবে৷

আন্তেই

যদি তার মত পাই তাহনে বিশ্বাস করে। পৃথিবীতে আমার চেয়ে ভাগ্যবাদ কাউকে খুঁজে পাবে না! তুমি কি চাও আমার স্থং?

নান্ডাসিয়া পেত্রোভূনা

षेशुरसत रेव्हा शूर्व शाक!…

[গাভ্রিনা পাজেনেইচের প্রবেশ; নান্তাসিয়া পেত্রোভ্না ও আন্দ্রেই শাড়াইয়া উঠিল]

একাদশ দৃশা

[পূর্বের সকলে ও গাভ্রিবা পার্টেবেইচ্]

গাভ্রিবা পাজেলেইচ্

এ তুচ্ছ ব্যাপার কি চুক্লঃ

নান্তাসিক্স পেত্রোভ্না

তাই ত মনে হচ্ছে, গাভ্রিলা পাস্তেলেইচ্ …

গাভ্রিলা পাস্তেলেইচ্

মনে হচ্ছে আবার কিং ··· এতে মনে হবার কি আছেং ··· আমি ত এবনও কিছু দেখছি না ···

নাস্তাসিয়া পেত্রোভ্না

মনে হচ্ছে, বার নাম জন্য থেকে কপালে লেখা আছে তাকেই… আজ যেতে চাইছে তারই পানিগ্রহণের প্রত্যাশায়…

গাভ্রিন৷ পান্ডেনেইচ্

পানিগুহণং ভাহলে এখন আমাদের বাপ-নায়েদের কি হবে? ··· আমাদের কি কর্ত্ব্য, ওর এই পাগলামি দেখে? ···

নান্ডাসিরা পেটোভ্ন।

আমি জানি না, গাড়বিলা পাজেলেইচ্! ...

গাভ্রিলা পাজেলেইচ্

জানো না? তাহলে তোনাকে শেখাই আমিঃ প্রথম, তোমার এই মেয়েলি কিচির-মিচির করা জিভ দিয়ে তুমি তোমার ছেলেকে কিছুই শেখাতে পারো নি, কামড়ে কেটে ফেনো ভোমার এ জিভ — চিরকানের মতে। চুপ হরে যাও! …

নান্তাসিয়া পেত্রোভূনা

या বলে। তাই মানচ্ছি, গান্তরিলা পাল্পেলেইচ্।…

গাড়বিলা পাজেলেইচ্

আৰু একটা কথাও নয়!

ুৰাস্তাসিয়া পেত্ৰোভ্ৰা

আমি চুপ কবছি, চুপ কবছি।

গাভ্ৰিৰা পাস্তেৰেইচ্

তাহলে দ্বিতীয়---

নাস্তাসিয়া পেত্রোভ্ন।

দিতীয় আবার কি?*…*

পাভ্রিল। পাত্তেলেইচ্

বিত্তীয় — ঐ বিগ্রহকে দাসিয়ে আলে। ···

[আক্রেই বিনীতভাবে ৰাখ। নীচু কবিল]

নান্ডাসিয়া পেঁত্রোভূনা

মা:, গাভ্রিলা পাভেলেইচ্! মা:, মাজিরুশা, বাছা মামার! …

গাভ্রিল৷ পাল্বেনেইচ্

পড়ুক ওর ওপর ঈশুরের ও আমাদের স্বাদীর্বাদ।
করুক যা খুশী,

যদি পরে কাঁদতে হয়, দোঘ ওর, আমাদের নয়!
তুবে রাখো বিগ্রহ!

দিতীয় অন্ধ





[কার্মিনার বাড়ীতে আবাহন কক্ষ। মাঝারি ছর, বড়লোকী
নয়, কিন্ত পরিচ্ছনু আসবাবে সাজানো; পিছনে হলে যাইবার
দরজা ধোলা; ভান দিকের কোপে পাশ দরজা; বঁ। দিকে
দুটি জানালা]

প্রথম দৃশা

্রিলেন। একেন। সারামকেদারায় বিষয়। বইয়ের পাত। উল্টাইতেছে, পরে টেবিলের উপর বই রাখিয়। জানালার দিকে যায়]

এলেम।

কি অসহ্য বিরক্তি! না কাজ, না জারগা, কিছুই তালে। লাগে না। দিনগুলো কাটে কেমন মরার মতো টেনে টেনে, আমার জীবনের গতি যেন খেমে গেছে! চেয়েছিল ফিরে আমতে দু'হপ্তার মধ্যে, দেখতে

দেখতে দু'মাস কেটে গেল, তার দেখা নেই! হারালে। কোধায় সে? বিচ্ছেদ কি ভাবে বাডাচেছ আর জোরালে। করছে আবেগকে। আমার পাশে যখন পাকত সে, আমি লক্ষ্য করিনি, অনুরাগের কত জোব, লক্ষ্য करि नि, जारक नरेरन यात्रात हरन ना! ... किन्त य वाय्र यथन यात्रार द যিবে থাকে তাকেও ত আমবা লক্ষ্য করি না, অথচ তাকে ছাড়। বাঁচা অসম্ভব -- নিখাস ফেল৷ যায় না! কিন্তু ওর হোল কিং দেবী করছে কেন? একথা ভাব। বায় না বে সে ভীকু · · তার কথাবার্তায় কথনো থাকে আবেগ, আবার কখনো থাকে শীতলত৷ ও একেবারে অতি সাধারণ শত্তা সংসারবৃদ্ধি। কিংবা এটা হিসাব-ক্ষা, কৌশ্লং… ক্ত কাল আমর৷ পরস্পারকে জানি, তবও সে আমার কাছে রয়ে গেছে এক **দরকার হয়েছে শেঘ করে দেওয়। আমার পক্তে এই যন্ত্রণাদায়ক** ভনবোঝাবৃথি · · (জানান। দিয়া দেখিয়া) আ:, বন্ধুবর আদ্রিয়ুশা আবার কিং গাড়ীর ঘোডাটা কি চমংকার — চড়ে বেডাতে কি আবাম। — (টেৰিলে বসে ও বই হাতে নের।)

|আক্রেই বেলুগিন প্রবেশ করে, পরনে ফ্রক-কোট ও হাতে প্রকাণ্ড একটা ফুলের তোড়া।

দ্বিতীয় দৃশ্য

|এলেনা ও আক্রেই বেলুগিন|

এবেন৷ (সকৌতুকে)

চুকলেন, না জানিয়েই?

আন্তেই (বিব্ৰতভাবে)

এলেনা (হাসিয়া)

থাক, থাক, এনন কিছু নর। (দাঁড়াইরা হাত বাড়ায়।) কেমন আছেন?

মাক্রেই

ষাপনি ভালে। মাছেন, এবেন। ভাসিনিবেভ্না?

ब्यटनमा

চমৎকাৰ আছি! (ফুলগুলিৰ দিকে দেখাইয়া) এ সৰ আবাৰ কি?

থাক্রেই (ফুলগুলি দিতে দিতে)

অনুমতি করুন উপহার দিতে, এবেনা ভাসিবিয়েত্না!

2017

আপনাকে কি খেয়ালে পেয়েছে?

আন্তেই

এমনি, ইচ্ছা হোল — অন্বীকার করবেন না গ্রহণ করতে 🕡

এবেনা (লইয়া)

মেসি¹ ··* কি স্থলৰ তোড়া! (ৰসিয়া শুঁকিন) কোথায় পেলেন?

यरक्र

এই এখানে-সেখানে, যেখানে স্থবিধা হোল। দুর্লভ কিছুই নয়।

अरमना

হাঁ, অবশ্য, আপনার কাছে কিছুই দুর্লত নর… বন্থন ত!

वाट्य है

না, বসা নয় ··· দাঁড়ানো নয়! ··· কেবল যে-কোন দিকে দৌড়ে যাওয়া বেত পিছনে না ফিরে! ···

এলেन।

^{* [}ফরাসী ভাষায়] ধন্যবাদ :

বাক্তেই

না ত ... কি দরকার আমার? ... আমি জানি নে...

अदनना

আপনার কি হল? ...

আক্রেই

এমনি, হঠাং ··· এমন পরিন্ধিতির উদ্ভব হয় বে সমস্ত চিন্তা জট পাকিয়ে যায়, ঠিক যেন কুয়াশা ঢাকা!···

अरनना

কিন্ত জানতে পারি তার কারণ? 'এমনি, হঠাৎ'… আচ্চা, কিন্তের থেকে এটা এলো আপনার যথ্যে।

<u> यारक्र</u> है

সে কথা বনুক যাপনাকে এই কুলের৷ …

এলেন।

ফুলেরাণ তার। ত চুপ --- কেবল ভাঁকতে ভালো--- ডাঞ্চা:

আন্তেই

না ... তাৰা কথা কয় ...

्रतन्

হয়ত বড়ই ৰূদু ··· আমি গুনতে পূাই না! ···

থাক্রেই

ভাষ। বলে বলে সেই লোকের প্রেমের কথা বে হরত সব চেয়ে হতভাগ্য।

এলেন।

ৰুঝতে পারছি না! …

আত্রেই

আপনার পক্ষে বোঝাও ত সন্থব নর: আপনার কাছে স্বই ত ঠাটা, আপনি সবেতেই হাসেন — আপনার পক্ষে ঠাটা সম্ভব, আমার পক্ষে তা নয়: এখন সময় এসেছে বর্থন এই ঠাটার শেষ হওয়া চাই! —

এदिन्ना

মাঃ, সাৰে। পৰিকাৰ কৰে বনুন। …

আন্ত্ৰেই

এলেন! ভাসিলিয়েভ্না, যাত্র দুটো কথা: আমার প্রেম — পরিহাস
নম সোটেই তা নয়, এতেই আমার সারা জীবন! হাঁ এতেই। এলেন।
ভাসিলিয়েভ্না, আমার দিক থেকে সবই নিশ্চিত, এখন আমি প্রার্থনা

করি আপনার হাত ··· জামাকে উত্তর দিন, এবেনা তাসিলিয়েভ্না, সোজা আপনার অন্তর খেকে ··· মিনতি করি এই ক্ষণেই, আমার পক্ষে অপেকা করা,অনুভূতির বর্তমান অবস্থায়, একেবারে অসম্ভব। (জানান। দিয়ে দেখে)

[এনেনা ফুনের ভোড়ার দিকে বুঁকিয়া পড়ে]

এলেনা (यन निरक्षत्र भरत)

এ যে সভাবিত!

बारक रे

যদি আমি বোকার মতে। কিছু বলে থাকি, অপমান করে থাকি আপনাকে, তাহনে সোজাস্থজি ত। বনুন ··· আমাকে আর কথনে। দেখতে পাবেন না! ···

এলেনা (নিন্তৰতার পর)

এ ভাব কি অনেকদিন আপনার নাগায় এগেছে?

बाटक रे

যে মুহূর্তে জাপনাকে প্রথম দেখি, তথন থেকে! আমার বাগ্দত্ত। ছল . কিন্তু সে ব্যাপার আমি চুকিয়ে দিয়েছি; এখন কেবল আপনার উত্তরটি

2001.70

কিন্ত আপনি ত স্বাধীন নম --- আপনি আপনার দলববের একজন,

আপনার আছে একটি বিশেষ জগৎ, খার আমি বড় হয়েছি, মানুষ হয়েছি সম্পূর্ণ বিভিনু ক্ষেত্রে; আমার আছে নিজস্ব অভ্যাস, রুচি ও কামনা, নিজেকে বদলাতে আমি পারি নাঁ!

আদ্ৰেই

আমি বোটেই পরাধীন নই: আমার নিজস্ব টাক। আছে, দিদিমার কাছ থেকে পাওয়া, আমি একদম আলাদা থাকি মা-বাবার কাছ থেকে; আম আপনি বলছিলেন যে সৰ দলবলের কথা ··· সেরকম কিছুই নেই ··· আমি অনুগত হবে। কেবল তারই ··· বাকে আমি ভালোবাসি! ···

अरनन।

কিন্ত শুনুন ··· আমার স্বভাব পুষ্ট: আমি খেরালী, মাঝেমাঝে সোজাত্মজি মল, আমার ওপর জোর খাটালে আমি কথনও কারে। কাছে নত হতে পারি না। অনেক রকম উন্তট-কল্পনা আমার পেয়ে বসে: হঠাৎ আমার সব কিছুতেই বিরক্তি লাগে ··· আমি স্বাধীন হতে চাই ··· সম্পূর্ণ স্বাধীন ···

बादक्रहे

বেশ, তাতে কি হোন? । কিছু আপনার পক্ষে স্থান।, আমি তাতেই রাজী । আমার কোন কিছুরই প্রয়োজন নেই । কেবল একটি ছাড়। । যে আপনি, যে আমি আপনাকে নিজের বলতে পারি ।

[এবেনা চিন্তিতভাবে ফুলগুনির দিকে নোঁকে ও হঠাৎ স্কোরে হাসিয়া ওঠে]

200

ক্ষমা করবেন, এ একেবারে অন্য বিষয়ে: এমন একটা মছার কথা মনে পড়ে গেল!…

আন্তেই (দি:খাস কেলিয়া)

হাঁ, আনিও বুঝাতে পেরেছি এ আমার বিষয়ে নয়, কেননা এখন আমার প্রতি হাসলে ··· পাপ হবে! ··· যার হৃদয় আছে সে এটা পারে না! ···

একেনা

না, না, ঝোটেই না। আৰি তত বল নই, বত্যি, একেবারে অন্য কথা মনে এলো — আছে। বেন, আবাকে কিছুক্ষণ একা ভাবতে দিন, পরে আপনাকে বনব। — আপনি এবন আস্থন, এই গাড়ীতে বেড়িয়ে — হণ্টাধানেক পরেই জানতে পাবেন। —

আক্ৰেই

এ বণ্টাটা আমার কাছে বড়ই দীর্ঘ মনে হবে। ...

अटन मा

আপনি মিটির দোকানে যান, আমার জন্যে কিছু মিটি নিয়ে আসুন ··· তাহলে আপনি টেরও পাবেন না কেমন করে সময় কাটলো। · · · অত গভীর হবেন না ··· গভীর নোকেদের আমি ভালোবাসি না ৷ ···

আন্তেই

তাহনে এখন আসি --- শবীর যে কুঁ।পছে! --- (চলির। যায়।)
এলেনা (দরজা পর্যন্ত তাহাকে আগাইয়া দিয়া)
আ:. কাঁপবেন না, দয়া করে!

[আক্রেই ৰাহির হইরা বার]

अरमना

হা, হা, হা। আমি বেলুগিল ব্যবসাদারের স্ত্রী! হা, হা, হা...

অমকালো পোষাক পরা, পাশে অরং আন্তেই গাভ্রিলীচ্, সৌধীন এক
গাড়ীতে, চমৎকার তার বোড়া ... হা, হা, হা ... নববিবাহিত বেলুগিনদম্পতি! ... এলেন কাছ্মিনাকে মনে পড়ে কিং এ সেই! হা, হা,
হা ... আলোচনা ... অপ্লীল ঠাটা, বার ভিতর থেকে কুটে বেরছে হিংসা! ...
ধবর বটে, ঘটনা বটে! ...

[নিনা আলেক্সাক্রোভ্নার প্রবেশ]

তৃতীয় দৃশা

[এবেনা ও নিনা **সা**বেক্সাক্রোভ্না]

নিনা আবেক্সাক্রোত্ন। (ফুল দেখাইয়া)

কি স্থন্দর তোড়।! কে দিলে?…

अटनना

ভাবী-বরঃ

নিনা খালেক্সান্ড্রোভ্না

কি বলছ ভূমি? ভাবী-বর কি রকম?…

এলেम। (शित्रया)

সত্যি বনছি, মাং…

নিনা আলেক্সাক্রোভ্না

লেদা, তুমি কি জানিয়ে মারতে চাও?

DCHM

আক্রে বেলুগঁন দ এই মাতা আমার কাছে পুস্তাব করেছেন:

নিনা আনেক্সাক্রোত্ন।

লেনা, এ কি সম্ভবং না, না, তুমি কি রহনা করছং:

अदिनग

বিশাস হচ্ছে নাং হা, হা, হা -- কিন্তু এতে বিসায়ের কি আছেং

* [ফরাসী উচ্চারণে] আন্তেই বেলুগিন

নিনা আনেক্সাক্রোভ্না

নিশ্চয় তুমি রহস্য করছ, এ আরু_কিছুই নয়!

अटनमा

না, নোটেই নয়া আমি — বাগ্দন্তা, মা --- আমি এ প্রস্তাব গ্রহণ করেছি

निना बारनमारकाञ्चा

त्नना, भारमा এখन; जामात नार्ल्डन कथा मरन व्हरथा।

अ(नभा

সত্যি, সতি। বিশ্বাস করে। (মাকে জড়াইর। ধরিয়া) মা, বাবসাদার বেলুগিনের বৌ হয়ে সংসারে বাস কর। কি মন্দ?

নিনা আলেক্সাক্রোভ্না

না, হয়ত বৌ হলে বেশ তালোই থাক। বায় — কিন্তু তুমি ব্যবসাদার বেলুগিনের বৌ নও, হতে পাবে না, এ প্রভাব তুমি গ্রহণ করতে পারে। না!…

এলেना

ভূমি ঠিকই বলেছ, আমি তাকে বিশ্নে করব না, পৃথিবীব কোনকিছুর জন্যেই নম্ন! কিন্তু অনুমতি দাও বা এই সম্পদের স্বপু দেখে হেসে নিই… এই হাসি বা আমাদের বেশ কিছু দিন চলবে, (চনিয়া গৌন।)

নিনা আবেক্সাক্রোভ্না

আজ্বান নোকেদের সাহস কত যে বেড়েছে! কিন্ত এ কি করে সম্ভব।…

[আগিশিন প্রবেশ করিল]

চতুর্থ দৃশা

ানিনা আবেক্সাক্রোভ্না ও আগিনিনা

নিনা **আনেক্লা**ন্ডোভ্না

আ:, নিকোলাই এপোরোভিচ্। আ:, কি অপুত্যাশিতঃ ঈশুরের জয় হোক! আপনার কথা অনেক হয়েছে— কেবন আছেন, ভালো তৃ? কেবন বেড়ালেন, সব ঠিক তঃ

আগিশিন

সবই ঠিক; আপনার শরীর ভালে। আছে?

নিনা আনেক্সাক্রোত্ন৷

হাঁ, তবে এই নার্ভগুলো— বেমন হয়ে থাকে। কিছুতেই শান্তিতে থাকতে দেয় না।

আগিশিন ,

এলেনা ভাগিলিয়েভূনা কেম্ব আছেন?

নিনা আবেক্সান্ডোভূনা

সে ত আমার কাছে কুনের সত। কিন্তু আমি, বিশ্বাস করবেন কি, যেই আপনাকে দেখলুম হঠাৎ, সার দেহ অবশ হয়ে উঠন। বস্থন ত।

আগিশিন (বসিয়া)

এত ভালে। नग्न, निना जात्नकात्क्राञ्चा।

निना चारतकारकाञ्चा

তালে। আর কিসে হবে ···

আগিশিন

জানেন কি, এটা আপনার এলে। কিসের থেকে? আপনাদের ঠিকমতো মানুষ করা হয় নি।

নিনা আলেক্সাক্রোভূনা

আ:, কি যে বলেন। ... আমি স্থলর শিক্ষা পেয়েছিলাম।

আগিশিন

না, স্থলর নয়, ভাবপুরণ! অতিমান্সায় বাড়ানো অনুভূতি যা বিচারের ক্ষতি করে, আর আদর্শের পুতি আবেগপূর্ণ উচ্চাশা, কিন্ত জীবনে বাস্তবতাই সব, আদর্শবাদিতা কোখাও নেই—এই খেকেই সাসে হতাশা, নার্ভের গোলমান;এর চেয়ে আরো খারাপ: পারিবারিক নাটক, জীবনের হানি! যত মাখাধরার কারণ হচ্ছে এই-ই, নিনা আবেক্সাক্রোত্না, এই উচ্চ চিস্তা! …

নিনা আনেক্সাক্রোভ্না

আপনার কথা যত শুনি ততই আপনি বকেন!

আগিশিন

মেষেদের যদি শেখানো যায় আরে। বেশী যুক্তি, সব জিনিসকে শাদা চোখে দেখাৰ ক্ষমতা তাহলে বিখ্যাস করুন তারা বেশী স্থ্যী হবে আয় শরীর ত ভালে। হবেই!

নিনা আনেক্সাক্রোড়ন৷

এ সব কথা আমাকে যত খুশী বনুন, কিন্ত দয়। করে আমার মেমের কাছে এ সব ভাব ···

অাগিণিন

নিনা আনেক্সফ্রোভ্না, আপনি যদি এবেনা ভাসিনিয়েভ্নার সৌভাগ্য চান, তাহলে তাকে শেখান, জীবন যা দের ভাই বেন সে নিতে পারে, আদর্শের স্থা যেন না দেখে।

निना वादनक्रादक्षाञ्चा

আমাৰ মাথাধৱাট। বেগেই বয়েছে! ঐ যে আসছে বেন। এখানে, মাপ করবেন, আমি একটু বিশ্লাম করতে যাল্ছি। (চলিয়া গোন।)

(अरमनाव श्रुरवर्ग)

পঞ্চম দৃশ্য

[আগিখিন ও এবেনা]

अटनन।

হে ভগৰান। আপনি এখানে আৰু আৰি জানি না, মাও ত বলেন নি।

আগিশিন (সাগ্রহ করকম্পন)

হাঁ, আৰি এই অনেককণ …

अ(नन।

करव धरनन शिरहेत्रवूर्ग थरकः

আগিশিন

कान नवादन।

এবেনা

কোন সাহসে আপনি এডকণ দেখা দেন নিং

আগিশিন

অতিনয় করবেন না জত কঠিন হবার; আমি বিশ্বাস করি না যে আমার না-আসাটা আপনার এতথানি লক্ষ্যের বিষয় হবে।

এলেনা

না, গত্যি বলছি, এই সমস্ত সময়টা আমার ভরকর বিশ্রী কেটেছে, একটা বোক ছিল না যে কথা বলি। ওথানে আপনি কি করলেন।

আগিশিন

ওধানে আমার এক কাকীম। মারা গেলেন ··· তিনি কিছু রেখে গেছেন, তঃ আমাকে নিতে হল ··· কিন্তু দু:বেধর বিষয় তেমন কিছু বেশী নয়! ···

अरनना

আমি ভাবলাম আপনি হয়ত কোথাও গেছেন সাগর পারে:

আগিশিন

কেমন আছেন আপনিং

0.33

ঐ ত বলুম আপনাকে, যে বিশ্রী।

আগিশিন

বিনা কারণে?

अट्टनना

বুঝতেই পাৰি না আমাৰ কি বে হয়েছে ·· বিরক্তি, সব কিছুতেই অসপ্তই, কোথায় যেন ছুটে পালাই!

আগিশিন

প্রাচুর্য, প্রাণশক্তির আতিশব্য ! আপুনি বেন বনতের চাকচিকাময় পুকৃতি যা উচ্চ্ব ল আবহের পর হঠাৎ আঁবার হতে শুরু করেছে; দরকার একটা ঝড়ের—তা সে বতই ছোট হোক—বাতে ছড়িয়ে যেতে পারে এই পুরীতৃত বিদ্যুৎ।

এলেনা

আপনি কি তাই ভাবেন?

আগিশিন

আচ্ছা, আমার বন্ধু আক্রিয়ুশার কি খবরং আপনাদের কাছে আনে তং

मा, ना

বেশ ঘন-ঘন ··· দেবে হাসি পায় ··· ওঁকে দেখে আমার ভীষণ হাসি পায়ঃ

আগিশিন

মনে হয়, প্রেমে পড়েছে আর সে কী প্রেমে পড়া। আমাদের মতের নয়!…

अस्तिना

তবে কি বকৰ?

96

আগিশিন

বেমন প্রেমে পড়ে অশিক্ষিত লোকের।: তাদের সমস্ত অন্তর দিয়ে,
অর্থাৎ তাদের সমস্ত আদিম উদ্ধাসতা দিয়ে। বলুন ত এ প্রসঙ্গে, তাকে
আপনার কেমন লাগে?

25/17I

তিনি — এবন কিছু নর, চলতি ধরণের কশ যুবকের। যেমন হয় ···

যনে হয়, ভালোমানুষ আর কোমনবতি। আমি তাঁকে বিচার করছি তাঁর

নিজেরই কথা দিয়ে; তিনি আমার কান্তে তাঁর সমন্ত অন্তর খুলে দিচ্ছেন।

আগিশিন

ঠিক, কিন্ত এই আদ্রিযুগ।— লক্ষণতি, তার দিধিমার উইলে সে প্রকাণ্ড পুঁজি পেয়েছে; তার ওপর আবার তার বড়বোক বা-বাপের একমাত্র আদরের সন্তান। আর তার অন্তর কি কোবল, কি স্থ্যুমার। বর্তমান যুগে একটা দ্রষ্টবা পদার্থ।

धानम

আমি তাঁকে ঠিক বুবতে পারি ন।— কি তিনি: নির্বোধ ন। একদম ছেলেমানুষ?

পাগিশিন

সে অবশ্য আকাশের চাঁদে হাত পাবে না, কিন্ত স্থযোগ পেলে সে বেশ উপযুক্ত হবে ঘরোয়া কাঞ্চের জন্যে, নিশ্চয়। মোটকথা, এই আক্রিয়ুশা—একটি রক্ত; আর সে ভারী স্থবিধান্তনক।

अट्टनना

কার পক্ষে?

পারিখিন

মেরেদের পক্ষে, স্ত্রীদের পক্ষে, বার। বুঝতে পারবে কও মহার্ঘ মোটা মাসহারার পূর্ণ মুক্তি ও স্বাধীনতা। বুদ্ধিমতী মেরে কথনও এবন লোককৈ প্রত্যাধ্যান করে না।

এলেনা

জানেন কি যে এই আদরের লোকটি আমার প্রেমে পড়েছেন পাগনের মতে।, অন্ধভাবে।

আগিশিন

এ না হয়েই পারে না। এর আবেগ বদি বাড়তে থাকে, তাহলে তা হারকিউনিসের স্তম্ভ পর্যন্ত পৌছাবেই। প্রথম যে দিন ও আপনাকে দেখেছিল, তথন থেকেই ওর মাথা মুরে গেছে।

এবেনা

শুনুন, আপনাকে আরো ধবর বনছি: তিনি আমার কাছে প্রস্তাব করেছেন আজই, এই আধ ফটাটাক আগে।…

আগিশিন

সাবাস, আন্তিয়ুশা, সাবাস! কি বনলেন আপনি তাকে?

9.3

আমি হাসির চোটে কিছুই বলতে পারি নি।

আগি শিন

কেমন এই আক্রিবা? চ্যৎকার, সত্যি বলছি চ্যৎকার!

्टनना

কল্পনা করুন, আপনার সামনে ব্যবসাদারনী বেলুগিন-পদ্ধী ! হা, হা, হা!

আগিশিন

ষামি এতে কিছুই দেখতে পাচ্ছি না হাসবার মতে।; একথা আমি ভাবি আর যার। আপনার ভালে। চাহ, তারাও ভাবে এ কথা। কিছ কি পেয়ে গেল সে আপনার কাছ থেকে?

4८नमा

যেমন সাধারণতঃ বলা হয়ে থাকে এমন ব্যাপারে তাকে বল।

হয়েছে তেবে দেখা যাবে। কিন্তু অনেক হয়েছে ও কথা। এখন নিজের

বিষয়ে বলুম কিছু কথা, কি দেখলেন পিটেরবুর্নেঃ সেখানে লোকে

বলে নাকি অনেক অনেক সুন্দরী সেয়ে — আপনার ত সেখানে অনেক
পরিচিতা; মনে পড়ে আপনি বলেছিলেন দুজন মহিলার কথা, যাদের

সঙ্গে আপনার ভাব ছিলঃ

৬৮

আগিশিন

দেখা হোল তাদেরও সঙ্গে; তাদের এঁকজন অতিযাত্রায় যে ট। হচ্ছেন পুচুর যুমান, খুব মিষ্টি তাকান তাঁর নিজের স্বামীর পানে — আর অন্যজন শুকিয়ে ষাচ্ছেন অসম্ভব রকম ···

अट्टाना

(पर्श बारक्ष जाननात वित्नव बद्धा इस नि । ...

আগিশিন

আমাকে আপনি কি পেয়েছেন? সতি।ই কি আপনি তাবন যে আমার জীবনে কিছুই নেই মন্তা ছাড়া? বে আমি কেবল উড়ে বেড়'ই প্রজাপতির মতো, আমার বুকে কি মাধায় কিছুই থাকে না, আমি কোনকিছুকেই নিতে পারি না অলমুভাবে?

এলেনা

আমি ত আপনাকে বেশী জানি না, আপনার কথা থেকেই আমার ধারণাঃ

অগি শিন

আপনার সঙ্গে আরি আর তর্ক কচিছ না; হয়ত আগে ছিলাম এই রকম — কিন্ত এখন আর নয়।

এলেনা

তাহৰো এখন কেমনং

আগিশিন

এবাবে যাওয়ার মধ্যে আমি বুঝতে পেরেছি যে আমার অন্তরে কিছু গোলমাল হয়েছে। বিশ্বাস করবেন কি যে জীবনে এই পুথম বেদনার সঙ্গে জনুত্ব করেছি কোন একজনের জনুপস্থিতি আর যন্ত্রণা পেয়েছি। সভুত, আশংকাপূর্ণ এই জনুতুতি — আমার চোবের সামনে ভেসে বেড়াত, পিছন থেকে জনুসরণ করত এক নারী মুতি; সে অধিকার করেছিল আমার বিক্তি, আমার সমস্ত হৃদর। —

अ(नना

আমাকে অনুষতি দিন দ্বিজ্ঞাস। করতে, তিনি কি বিবাহিত। দা কুমারী?

আগিশিন

তিনিঃ হাঁ, তিনি—কুষারী ---

4८वन)

তবে ত তিনি হতে পারেন আপনারই! ···

আগিশিন

হার ভগবান! সে সাহস কি আমার আছে—আমি বে
নি:ম্ব, একেবারে নি:ম্ব, এহেন স্থাবের ম্বপু দেখার। কি আমি করতে
পারিঃ জীবনের শোচনীর গতানুগতিক কাঠামোর মধ্যে তাকে পুবে রাখা,
তাকে শ্রী, সেবিকা, পরিচারিকা করে রাখা, নিধন করা সেই স্টেকে,

যার সমস্তই স্থলর, স্থকুমার, সঞ্চীতময় — তাকে আটক রাঝা রানুাবরে। — এই যে আমি, আমিও ত ভালোবাসি ুস্বকিছুতে সৌকুমার্য। আমিও আর্টিস্ট। আমার আরাধ্য নারীকে মনোরম পরিবেশ ছাড়া অন্যভাবে অধিকার আমার কল্পনায় হতেই পারে না।

धरनना (नृमुचरत)

बनुन, बनुन…

আগিশিন

আ:। হয়ত নেপলসের নীল উপসাগরে, কিংবা সোরেস্তোয় ···

বেধার আকাশ হলো নীল আর পর্বতেরা ভারোবেট

সেখানে জীবন, সেখানেই স্বৰ্গ; এইজন্যেই কৰির। এও ডালোবাসেন ইডানিকে ···

ब्दनग

ষাচ্ছ।, আপনার মনে কি কোন আশ। নেই?

আগিশিন

আশা? আমার মনে কি রকম আশা। — আমার অন্তরে আছে—
উন্মন্ততা। আমি পুস্তত সব কিছুর জন্যে, সকল রকম আরোৎসর্গেব জন্যে,
কেবল এই আবেগকে আমার অন্তর থেকে ছিন্টে ফেলার জন্যে। কিন্ত

ত। আর সম্ভব নয়, সময় পেরিয়ে গেছে! ··· (নিস্তব্ধতা) কেবল একটা, একটা স্বথা আমি এবনও আমার অম্ভবে বালন করতে পারি ···

এলেন। (প্রায় অক্ট্রবরে)

কি তা, কি তা?

আগিশিন

লে আর কারো হোক।

এলেনা (বেন আহত হইয়া)

এঁ্যা …

আগিশিন

হাঁ, হোক সে আর কারো, কিন্তু সে রাধুক তার অন্তরে জামার জন্যে ছোট একটু কোণ, যেখানে হতভাগ্য আমি পেতে পারি বিশ্রাম, জীবনে শান্তি, একটু খোলা হাওয়া। এই লুকোচুরির জন্যে অবশ্য তাকে করতে হবে ছেটখাটে। লড়াই চিরাগত সংস্কারের সঙ্গে, একটু বোঝাসড়া নিজের বিশেকের সঙ্গে সঙ্গে

थरनना

কিন্ত যদি বোঝাপড়া করতে হয় বিবেকের সঙ্গে, তাহনে ত একে আর ছোট একটু কোণ বলা চলে না।

वानिनिन

কিন্ত আমাৰ এই স্বপু উবে গেছে ধোঁৰাৰ মতে।। না, সে এখনও

